

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

বাংসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে আহ্বানকৃত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৯-০৮-২০১৮ খ্রিঃ।
স্থান : মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষ।
সভাপতি : মোঃ দেলওয়ার হায়দার
যুগ্ম সচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন অফিসার
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'।


উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। স্বাগত বক্তব্যে পরিচালক (প্রশাঃ ও অর্থ) জনাব মোঃ দেলওয়ার হায়দার রূপকল্প ২০২১ বাস্তবায়নের মাধ্যমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সক্ষমতা এবং সেবার মান বৃদ্ধি করার ক্ষেত্রে উদ্ভাবনী কর্মকাণ্ডের গুরুত্ব তুলে করেন।

২। ইনোভেশন টিমের উক্ত সভায় বিগত সভার কার্যবিবরণী মূল্যায়ন করতঃ বিষয়ভিত্তিক আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ ছিলঃ-

ক্রঃ	আলোচ্য বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	মেন্টর- মেন্টি মনোনয়ন	ইতোমধ্যে মন্ত্রিপরিষদের চাহিদার প্রেক্ষিতে ৮টি বিভাগ ও ট্রেনিং কমপ্লেক্স- এর প্রধানকে মেন্টর মনোনীত করা হয়েছে। এছাড়া মনোনীত মেন্টরদের প্রস্তাবিত কর্মকর্তাদের মেন্টি হিসেবে অনুমোদন দেয়া হয়েছে। মেন্টর-মেন্টিদের কার্যক্রমের উপর মাঠপর্যায়ে উদ্ভাবনী কার্যক্রমের সফলতা ও গ্রহণযোগ্যতা নির্ভর করে বিধায় তাদের সাথে সার্বক্ষণিক সমন্বয়সাধন করতে হবে।	মেন্টর, মেন্টি ও ইনোভেশন টিম
২।	উদ্ভাবনী উদ্যোগ যাচাই বাছাই ও ০২টি উদ্যোগ নির্বাচন	মাঠ পর্যায়, তথ্য বাতায়নের আইডিয়া কর্ণার ও ইনোভেশন টিমের সদস্য হতে প্রাপ্ত মোট ০৫টি আইডিয়া হতে ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ২টি আইডিয়া বাছাই করা হলো- • ফায়ার সেফটি ট্রেনিং ও মহড়ার দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ; • ৬ মাস মেয়াদি ফায়ার ডিপ্লোমা কোর্স এর দাপ্তরিক কার্যক্রম	ইনোভেশন টিম

		অনলাইনকরণ; আইডিয়া দুটি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ নিতে হবে।	
৩।	ইনোভেশন প্রনোদনা নির্ধারণ এবং ইনোভেশন প্রনোদনার জন্য নাম প্রস্তাব	গত বছরের ইনোভেশন কার্যক্রমে পঞ্জিকার বছর ও আর্থিক বছরের সামঞ্জস্যহীনতা ছিল। তাই সুনির্দিষ্ট রিপোর্টকালও ছিল না বিধায় গতবছরের উদ্ভাবনী উদ্যোগের ক্ষেত্রে প্রনোদনা প্রদান করার জটিলতা ছিল। তবে, এ বছর প্রথম হতেই উদ্ভাবক এবং এর সাথে সম্পৃক্তদের কার্যক্রমকে মনিটর করা হবে এবং বছর শেষে ইনোভেশন প্রনোদনার জন্য নাম প্রস্তাব করা হবে।	ইনোভেশন টিম, মেন্টর, মেন্টিসহ সংশ্লিষ্ট সকলে

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ সভাপতি উপস্থিত
সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ দেলওয়ার হায়দার
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৫৫৭৭৩৩

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০১৬.১৬.০০১.১৬- ৭২৬১

তারিখঃ ২০/৮/২০১৮
১৪২৫ ব:
২০১৮ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো:

- ১। পরিচালক (অপাঃ ও মেইনঃ/পরিঃউন্নঃ ও প্রশিঃ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....বিভাগ..... (সকল)।
- ৩। সহকারী পরিচালক(উন্নয়ন)/(প্রশাসন ও অর্থ) // (ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন)/(প্রশিক্ষণ)/(পরিকল্পনা)/
(অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৪। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির
জন্য)।
- ৫। জনাব মোঃ হেলাল উদ্দিন খান, সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর(রিফর্ম
সেল), ঢাকা।
- ৬। জনাব মোঃ হিরন মিয়া, ওয়্যার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ঢাকা।
- ৭। জনাব মোঃ সফাত হোসেন, স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর(আই.টি.সেল), ঢাকা।


শামীম আহসান চৌধুরী
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৫৫৭৫৭৯